# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

Tel : 9558109, 9565848
Web : www.krishibank.org.bd
E-mail: dgmfrmd@krishibank.org.bd
agmfrmd@krishibank.org.bd
frmd-admin@krishibank.org.bd


সূত্র ঃ এফআরএমডি/০১(০১)/২০১৮-২০১৯/ ৪৬২ তারিখ ঃ ০৬.০৯.২০১৮ইং

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
থানচি শাখা, বান্দরবান।

বিষয় ঃ রেমিট্যান্স সেবা মাস (আগষ্ট-২০১৮) এ রেমিট্যান্স আহরনে ব্যর্থ হওয়ার বিষয়ে ব্যাখ্যা তলব প্রসঙ্গে।

আপনাকে এই মর্মে কারন দর্শানোর নোটিশ প্রদান করা যাচ্ছে যে, কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে না, যেহেতু জুন, ২০১৮ মাসে আপনার শাখার মাধ্যমে গ্রাহকদেরকে একটি টাকাও বৈদেশিক রেমিট্যান্স প্রদান না কারায় আপনাকে ইতোপূর্বে অত্র বিভাগের ০৫.০৮.২০১৮ তারিখের পত্র নং-প্রকা/এফআরএমডি/০১(০১)/২০১৮-২০১৯/২৫৭(৩৯) এর মাধ্যমে ব্যাখ্যা তলব করার পরও মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ঘোষিত রেমিট্যান্স সেবা মাস (আগষ্ট-২০১৮) চলাকালীন সময়ে আপনার শাখা হতে কোন রেমিট্যান্স আহরিত হয়নি। উল্লেখ্য, আগষ্ট ২০১৮ মাসে ঈদ-উল-আজহা উপলক্ষ্যে বহিঃ বিশ্ব থেকে বিপুল অংকের রেমিট্যান্স পাঠানো হয়েছে এবং ব্যাংকের প্রায় সকল শাখাই উল্লেখিত রেমিট্যান্স সেবা মাসে (আগষ্ট-২০১৮) রেমিট্যান্স আহরনে সক্ষম হয়েছে। কিন্তু আপনার শাখা রেমিট্যান্স আহরণে ব্যর্থ হয়েছে। আপনার ব্যর্থতার কারণে ব্যাংক বৈদেশিক রেমিট্যান্স আহরণের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ, আর্থিক ক্ষতির সম্মুখীন এবং বৈদেশিক মুদ্রার তারল্য অর্জনে ব্যর্থ হয়েছে। আপনার এহেন কার্যক্রম দায়িত্বে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা এবং অসদাচরনের সামিল।

এমতাবস্থায়, সাম্প্রতিক রেমিট্যান্স সেবা মাসেও (আগষ্ট-২০১৮) কেন আপনি বৈদেশিক রেমিট্যান্স আহরণে ব্যর্থ হয়েছেন তার ব্যাখ্যা অত্র পত্র প্রাপ্তির ০৩ (তিন) টি কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে যথাযথ একতরফা প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করার জন্য কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করা হবে।

(মোঃ আবদুস সোবহান)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র ঃ এফআরএমডি/০১(০১)/২০১৮-২০১৯/ ৪৬২ তারিখ ঃ ০৬.০৯.২০১৮ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (ই-মেইলে) প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন্স ডিপার্টমেন্ট, বিকেবি, প্রকা, ঢাকা। (সংশ্লিষ্ট ব্যাখ্যা তলব সংক্রান্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে নোটিশ - সার্কুলার অংশে আপালাড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।)
০৭। উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে), ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। অফিস নথি।

০৬/০৯/১৮

(মোঃ জসিম উদ্দিন)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

SHOW CAUSE